



Cosmo School

শ্রেণি: অষ্টম

বিষয়: বাংলা ২য় পত্র

যতি বা ছেদ-চিহ্ন

১. বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?

- ক) সেমিকোলন খ) কোলন
গ) ড্যাশ ঘ) হাইফেন

সঠিক উত্তর: (ক)

২. হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন লাগে?

- ক) কমা খ) হাইফেন
গ) প্রশ্নবোধক ঘ) বিস্ময়সূচক

সঠিক উত্তর: (ঘ)

৩. 'কোথায় যাচ্ছ' - এটি কী ধরনের বাক্য?

- ক) আবেগসূচক বাক্য খ) প্রশ্নসূচক বাক্য
গ) আদেশসূচক বাক্য ঘ) বিস্ময়সূচক বাক্য

সঠিক উত্তর: (খ)

৪. কোন যতি বা ছেদ চিহ্নে থামার প্রয়োজন আছে?

- ক) ইলেক খ) হাইফেন
গ) বন্ধনী চিহ্ন ঘ) উদ্ধরণ চিহ্ন

সঠিক উত্তর: (ঘ)

৫. সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয় তার নাম কী?

- ক) দাঁড়ি খ) কোলন
গ) সেমিকোলন ঘ) কমা

সঠিক উত্তর: (ঘ)

৬. বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন কয়টি?

- ক) ৭টি খ) ৮টি
গ) ৯টি ঘ) ১২টি

সঠিক উত্তর: (ঘ)

৭. বাক্যে কোন যতিচিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?

- ক) কমা খ) হাইফেন/ইলেক
গ) উদ্ধরণ চিহ্ন ঘ) কোলন

সঠিক উত্তর: (খ)

৮. উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে গেলে কোন চিহ্ন ব্যবহার করতে হয়?

- ক) ড্যাশ খ) কোলন ড্যাশ
গ) প্রশ্নবোধক ঘ) বিস্ময়সূচক

সঠিক উত্তর: (খ)

৯. কোনো পদের বর্ণ বিশেষের লোপ বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?

- ক) ইলেক খ) ড্যাশ চিহ্ন
গ) কোলন ঘ) সেমিকোলন

সঠিক উত্তর: (ক)

১০. লেখার সময় বাক্যের মধ্যে বিরতি দেখানোর জন্য যেসব চিহ্নের ব্যবহার করা হয়, সেগুলোকে কী বলে?

- ক) দাঁড়ি খ) হাইফেন
গ) ছেদ/যতি/বিরাম ঘ) উদাহরণ চিহ্ন

সঠিক উত্তর: (গ)

১১. পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে বসলে শেষ পদটি ছাড়া বাকি সবগুলোর পরই কোন বিরতি চিহ্ন বসবে?

- ক) হাইফেন খ) কমা
গ) ড্যাশ ঘ) সেমিকোলন

সঠিক উত্তর: (খ)

১২. বাগভঙ্গির লিখিত আকার প্রকাশে সাহায্য করে কোনটি?

- ক) ছেদ চিহ্নগুলো খ) উদ্ধরণ চিহ্ন
গ) বন্ধনী চিহ্ন ঘ) ইলেক চিহ্ন

সঠিক উত্তর: (ক)

১৩. 'ইলেক' চিহ্নের বিরতিকাল কতটুকু?

- ক) এক বলতে যে সময় লাগে
খ) এক বলার দ্বিগুণ সময়

- গ) এক সেকেন্ড
ঘ) থামার প্রয়োজন নেই

সঠিক উত্তর: (ঘ)

১৪. উপযুক্ত যতিচিহ্ন ব্যবহার না করলে বাক্যের কী অবস্থা ঘটবে?

- ক) কোনো সমস্যাই হবে না
খ) অল্প সমস্যা হবে

- গ) বাক্যের অর্থের সামান্য পরিবর্তন ঘটবে
ঘ) বাক্যের অর্থ প্রকাশে বড় রকমের বিপর্যয় দেখা দেবে

সঠিক উত্তর: (ঘ)

১৫. কোন যতি চিহ্নের জন্যে সবচেয়ে বেশি সময় থামতে হয়?

- ক) কমা খ) সেমিকোলন
গ) দাঁড়ি ঘ) উদ্ধরণ চিহ্ন

সঠিক উত্তর: (গ)

